'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (২৯ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ ও সময় | ঃ ২৭/১০/২০২১, বেলা- ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত সেপ্টেম্বর/২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ৪,৭৭,৩৭২/৩৫ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই/২০২১ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ৭,৭৩,৪২৬/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের জুলাই/২১ মাসের বেতন | ২৯,৭০০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ১১,৯৭,৯৯২/৯০ | ৩ | রিভারসেল ফর টাকা | ৫৬,১৩৮/- |
| ৪ | ভূমি উন্নয়ন করের ২% হতে প্রাপ্ত | ২,০৯,৩২৪/- | ৪ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আগস্ট/২০২১ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| | | | ৫ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের আগস্ট/২১ মাসের বেতন | ৩৩,০০০/- |
| | | | ৬ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের জুলাই ও আগস্ট/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ৩,৫০৪/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের গাড়িচালকের জুলাই ও আগস্ট/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ২,৮৯৪/- |
| | | | ৮ | উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৯ | উপজেলা পরিষদের জুলাই ও আগস্ট/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ১০,০০০/- |
| | | | ১০ | ১৫আগস্ট জাতীয় শোক দিবসের ব্যয় বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | ১১ | ইউ.এন.ও মহোদয়ের | ২৫,০০০/- |

'শেখ হাসিনার মূলনী...
গ্রাম শহরের উন্নতি...

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বাসভবনের সামনে আনসার চেক পোস্ট নির্মাণ কাজের বিল প্রদান | |
| | | | | ১২ | উপজেলা মালিকানাধিন হাসনাহেনা ভবনের নিচ তলা পূর্বপার্শ্বের ফ্ল্যাট মেরামত কাজের বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | | ১৩ | উপজেলা মালিকানাধিন চন্দ্রমল্লিকা ভবনের উপর তলা পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট মেরামত কাজের বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | | ১৪ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ০২টি ব্যাটারী ও টেলিফোন সেটক্রয় বিল প্রদান | ৫৮,০০০/- |
| | | | | ১৫ | উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও উপজেলা পরিষদের জন্য ০৩টি সিলিং ফ্যানক্রয় বিল প্রদান | ৯,০০০/- |
| | | | | ১৬ | অত্র উপজেলার রফিনগর ইউনিয়নের অন্তর্গত বাংলা বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত মোট ১৫জন কে প্রত্যেকে ৬০০০/- (ছয় হাজার) টাকা করে প্রদান | ৯০,০০০/- |
| | | | | ১৭ | উপজেলা মালিকানাধিন রজনীগন্ধা ভবনের নিচ তলা পূর্বপার্শ্বের ফ্ল্যাট মেরামত কাজের বিল প্রদান | ১৯,৮০০/- |
| | | | | ১৮ | উপজেলা মালিকানাধিন ডমিটরী ভবনে ০১টি সিলিং ফ্যানক্রয় কাজের বিল প্রদান | ৩,০০০/- |
| | | | | ১৯ | উপজেলা মালিকানাধিন রজনীগন্ধা ভবনের নিচ তলা পশ্চিমপার্শ্বের ফ্ল্যাট মেরামত কাজের বিল প্রদান | ২০,০০০/- |
| | সেপ্টেম্বর/২১ মাসের আয়- | ২১,৮০,৭৪২/৯০ | সেপ্টেম্বর /২১ মাসের মোট ব্যয়- | | | ৬,৬৩,০৩৬/- |
| | সর্বমোট আয়- | ২৬,৫৮,১১৫/২৫ | | | সর্বমোট ব্যয়- | ৬,৬৩,০৩৬/- |
| | সমাপনী স্থিতি= ১৯,৯৫,০৭৯/২৫ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত সেপ্টেম্বর/২০২১ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৩) বিবিধ ঃ | (ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন কোভিড-১৯ এর প্রতিরোধের জন্য বিগত- ২৮ সেপ্টেম্বর ২০২১ দিরাই উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদে সুষ্ঠ ও সুন্দরভাবে গণটিকার ১ম ডোজ প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। গণটিকা প্রদানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। যে সকল ব্যক্তি বিগত- ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে টিকা গ্রহণ করেছিলেন তাদের আগামী- ২৮ অক্টোবর ২০২১ তারিখে ২য় ডোজ প্রদান কার্যক্রম গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য যে ব্যক্তি যে কেন্দ্রে ১ম ডোজ টিকা গ্রহণ করেছিলেন সেই ব্যক্তি সেই কেন্দ্রে টিকা গ্রহণ করার জন্য যেতে হবে। বিষয়টি বহুল প্রচারের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদের পক্ষ হতে নিজ নিজ ইউনিয়নে মাইকিং এর ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সকল ইউ/পি'কে অনুরোধ জানান। জানান তার দপ্তরে জনবল সংকট রয়েছে; বিশেষ করে তৃতীয় ও চতুর্থ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,দিরাই |

| | |
|---|---|
| শ্রেণীর জনবল সংকট চরমে। তাই তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারির শূন্যতা পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান যে সকল প্রবাসীগণ ফাইজারের টিকা নিতে চান তারা অতি সহযে সুনামগঞ্জ থেকে ফাইজারের টিকা নিতে পারবেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> আগামী- ২৮ অক্টোবর ২০২১ তারিখে ২য় ডোজ প্রদান কার্যক্রম সফলভাবে সমাপ্ত করত: কোভিড-১৯ সহ সকল রোগীদের স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানানো হয়।<br><br>২। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারির শূন্যতা পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানানো হয়। | |
| (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা, দিরাই সভায় জানান অত্র উপজেলার ছাত্রীদের জন্য ১.৫ লক্ষ পিছ আয়রন ফলিক এসিড ট্যাবলেট বরাদ্দ পাওয়া গেছে। উক্ত ট্যাবলেটগুলো কোন বয়সি ছাত্রীদের মাঝে বিতরণ করা যাবে সে বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কাছে জানতে চান। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান ৬ষ্ঠ শ্রেণীন ছাত্রী হতে ১০ম শ্রেণীর ছাত্রীদের মাঝে এই ট্যাবলেট বিতরণ করা যাবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> প্রাপ্ত আয়রন ফলিক এসিড ট্যাবলেট বিধি মোতাবেক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (গ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন ২৮দিন ইলিশ মাছ ধরা পরিবহণ ও বিক্রয় করার কাজ বন্ধ ছিল। বর্তমানে সেই কার্যক্রম আবার চালু হয়েছে। তিনি আরও জানান অত্র উপজেলায় যে সকল বিল ইজারা প্রদান করা হয়েছে সেই সকল বিল ইজারাদার যেন তাদের ইজারাকৃত বিল ও হাওরে সিমানার বাহিরে গিয়ে মাছ না ধরেন সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। কারেন্ট জাল, বের জাল, খেতা জাল ইত্যাদি দিয়ে যাতে মাছ ধরতে পারে না সেই জন্য বহুল প্রচারের লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদে মাইকিং করানোর জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও উপজেলা মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলায় যে সকল বিল ইজারা প্রদান করা হয়েছে সেই সকল বিল ইজারাদার যেন তাদের ইজারাকৃত বিল ও হাওরে সিমানার বাহিরে গিয়ে মাছ না ধরেন সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br><br>২। কারেন্ট জাল, বের জাল, খেতা জাল ইত্যাদি দিয়ে যাতে মাছ ধরতে পারে না সেই জন্য বহুল প্রচারের লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদে মাইকিং করানোর জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>৩। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই |
| (ঘ) উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন আগামী ০৬ নভেম্বর ২০২১ তারিখে জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। উক্ত দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই উপজেলা সমবায় অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন অত্র উপজেলায় একটি সমিতি দেখাতে পারবেন না যে তারা (সমবায় সমিতির সদস্যরা) স্বাবলম্বি হয়েছে এবং দারিদ্রতার হাত হতে মুক্তি পেয়েছে বা মক্ত করতে পেরেছেন। এই অবস্থা থেকে দিরাই বাসির পরিত্রান প্রয়োজন। মহাজনদের কবল থেকে সমবায়িদের মুক্ত করার এবং সমবায় সমিতির প্রকৃত উদ্দেশ্য বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাইকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> আগামী ০৬ নভেম্বর ২০২১ তারিখে জাতীয় সমবায় দিবসে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>২। অত্র উপজেলার সকল সমবায়িদের মহাজনের কবল থেকে মুক্ত করার এবং সমবায় সমিতির প্রকৃত উদ্দেশ্য বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাইকে অনুরোধ জানান। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| (ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। চলতি মৌসুমে অত্র উপজেলায় ১৯০ জন কৃষককে তেল বীজ, সরিষা বীজ, ভোট্টা বীজ প্রদান করা হয়েছে। উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি বিভাগ কাজ করে যাচ্ছে। দিরাইয়ে কৃষিতে যদি হাইব্রিড ধান ফলানো যায় তাহলে উৎপাদন বৃদ্ধি করা সম্ভব। এই বিষয়ে বহুল প্রচার প্রচারনা প্রয়োজন; তাই অত্র উপজেলা সকল জনপ্রতিনিধিদের বিষয়টি সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই কৃষি অফিসার এর দৃষ্টি আকর্ষণ করে বলেন যে সকল কৃষকদের মাঝে বীজ বিতরণ করা হবে সেই সকল কৃষক জাতে প্রাপ্ত বীজের সঠিক ব্যবহার করেন সেই বিষয়টি নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ জানান। সেই সাথে তিনি আরও জানান মরা সুরমা নদী এবং কুশিয়ারা নদীর দুই পারে রবি শস্য আবাদের জন্য স্থানগুলো পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে অনুরোধ জানান এবং দিরাই হাওর এলাকা হিসেবে আগাম বন্যার হাত থেকে বোর ফসল রক্ষার্থে ধান কাটার হারবেস্টিং মেশিন আনার প্রয়োজনীয় ব্যবস্থা | উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই |

গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ যে সকল কৃষকদের মাঝে বীজ বিতরণ করা হবে সেই সকল কৃষক জাতে প্রাপ্ত বীজের সঠিক ব্যবহার করেন সেই বিষয়টি নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ জানান।

২। মরা সুরমা নদী এবং কুশিয়ারা নদীর দুই পারে রবি শস্য আবাদের জন্য স্থানগুলো পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।

৩। দিরাই উপজেলাটি হাওর এলাকা হিসেবে আগাম বন্যার হাত থেকে বোর ফসল রক্ষার্থে ধান কাটার হারবেস্টিং মেশিন আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।

(ঙ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই সভায় তার বর্তমানে চলমান কর্মসূচির তথ্যাদি সভায় উপস্থাপন করেন। খাদ্যবান্ধব কর্মসূচী :

| ক্রং নং | কর্মসূচির নাম | উপজেলায় ডিলার সংখ্যা | উপজেলায় পূর্বে বরাদ্দকৃত কার্ড সংখ্যা | সেপ্টেম্বর/২১ মাসে উত্তোলিত চালের পরিমাণ | সেপ্টেম্বর/২১ মাসে বিক্রয়কৃত চালের পরিমাণ | সেপ্টেম্বর/২১ মাসের অবিক্রয়কৃত চালের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | খাদ্যবান্ধব কর্মসূচি | ১৮ জন | ৮৫৭১টি | ২৫৭.১৩০ মেঃ টন | ২৫৫.০৬ মেঃটন | ২.০৭০ মেঃটন |
| ০২ | | | | অক্টোবর/২১ মাসে উত্তোলিত চালের পরিমাণ= ২৫৫.০৬০ | অক্টোবর/২১ মাসে ২৬/১০/২১ পর্যন্ত বিক্রয়ের পরিমাণ= ২৫৪.৩৭০ মেঃটন | অক্টোবর/২১ মাসে অবশিষ্ট বিক্রয়ের পরিমাণ= ২.৭৬০ মেঃ টন |

তিনি আরও জানান বিশেষ ওএমএস দিরাই পৌরসভায় ০৩(তিন) জন ডিলারের মাধ্যমে দৈনিক ১.৫০০ মেঃটন চাল, প্রতি কেজি চালের মূল্য ৩০/- টাকা হিসাবে সপ্তাহে শুক্রবার ব্যতিত বিক্রয় কার্যক্রম চলমান আছে। তবে ওএমএস দোকানে ক্রেতাদের উপস্থিতি ক্রমশ হ্রাস পাওয়ায় অত্র কার্যালয়ের স্মারক নং- ৩০৩, তারিখ-২৬/১০/২০২১ মূলে দিরাই পৌরসভার বিশেষ ওএমএস কার্যক্রম বন্ধ করার জন্য কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ কে অনুরোধ জানানো হয়।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই

(চ) উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান দক্ষ যুব সমৃদ্ধ দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ এই শ্লোগানকে সামনে রেখে আগামী-০১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবস দেশব্যাপী উদ্‌যাপিত হতে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী দিবসটির শুভ উদ্বোধন করার জন্য সদয় সম্মতিজ্ঞাপন করেছেন। এরই ধারাবাহিকতায় দিরাই উপজেলাতেও আগামী ০১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হবে। উক্ত জাতীয় যুব দিবসে উপস্থিত সকলকে আমন্ত্রণ জানান। তিনি আরও জানান উক্ত দিবস উদ্‌যাপনের জন্য সরকারি যে বরাদ্দ প্রদান করা হয় তা প্রয়োজনের তোলনায় অপ্রতুল। কাজেই যদি সুযোগ থাকে উপজেলা পরিষদ হতে আর্থিক বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে আগামী ০১ নভেম্বর ২০২১ জাতীয় যুব দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে-১৫,০০০/- (পনের হাজার) টাকা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই

(ছ) উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন বিধাব ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার এবং বয়স্ক ভাতার তালিকা দ্রুত সময়ের মধ্যে তার কার্যালয়ে দাখিলের জন্য উপস্থিত সকল চেয়ারম্যানকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ বিধাব ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার এবং বয়স্ক ভাতার তালিকা দ্রুত সময়ের মধ্যে তার কার্যালয়ে দাখিলের জন্য উপস্থিত সকল চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই

(জ) উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় জানান অত্র উপজেলার সকল নলকূপের আর্সেনিক পরিক্ষা করার জন্য প্রতিটি ইউনিয়ন হতে ০৬জন করে লোক নিয়োগ করা হবে। তারা প্রতিটি নলকূপের আর্সেনিক পরিক্ষার জন্য পারিশ্রমিক বাবদ ৫০/- টাকা করে পাবে। তাই প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে যুবদের আবেদন করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলার সকল নলকূপের আর্সেনিক পরিক্ষা করার জন্য প্রতিটি ইউনিয়ন হতে ০৬জন করে লোক

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

নিয়োগের বিষয়টি বহুল প্রচারের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।

(ঝ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান চরনারচর বাজরে এবং তাড়ল বাজারের ফিস সেড এবং শ্যামারচর বাজারের পাবলিক টয়লেট নির্মাণের জন্য সভায় অনুরোধ জানান। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি প্রস্তাবটিতে একমত পোষণ করেন। তিনি আরও জানান হাট-বাজার ইজারা লব্দ আয় হতে সংশ্লিষ্ট ইউ/পি অংশের অর্থ ইউ/পি তহবিলে বিধি মোতাবেক স্থানান্তরের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান সাধারণ কৃষকরা যাতে অবৈধ/অনুনোমদিত বীজ বাজারে বিক্রী করতে না পারে সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সভায় উপজেলা কৃষি অফিসার, দিরাই সহ সংশ্লিষ্টদের অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট তহবিল হতে চরনারচর বাজার এবং তাড়ল বাজারের ফিস সেড এবং শ্যামারচর বাজারের পাবলিক টয়লেট নির্মাণের কাজ আগামী ০১(এক) মাসের মধ্যে কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানান সেই সাথে হাট-বাজার ইজারা লব্দ আয় হতে সংশ্লিষ্ট ইউ/পি অংশের অর্থ ইউ/পি তহবিলে বিধি মোতাবেক স্থানান্তরের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

(ঞ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন কোয়াটার সমূহে মেরামতের জন্য সরেজমিনে পরিদর্শনকরে বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রাক্কলন তৈরি করা হয়েছে। যথা : (1) Repair and Reuovation work of Upazila Parishad Quarter Bhaban- 30,15,318.77, (2) Repair and Reuovation work of Upazila Parishad Dormitory and Quarter Bhaban- 14,46,956.89 যা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। এছাড়াও তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রাক্কলন এর তৃতীয় পর্যায়ে "দিরাই উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় হাই ও লো ব্রেঞ্চ সরবরাহ" কাজটি ঠিকাদার সুষ্ঠুভাবে সম্পন্ন করে চুড়ান্ত বিল দাখিল করেছেন। ঠিকাদার : Beugal Polyoner Wares Ltd. Final Bill- 9,12,208.00 ইহা অনুমোদনের জন্য সভায় পেশ করেন। বিষয়দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন কোয়াটার সমূহে মেরামতের জন্য বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রস্তুতকৃত প্রাক্কলন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রাক্কলন এর তৃতীয় পর্যায়ে "দিরাই উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় হাই ও লো ব্রেঞ্চ সরবরাহ" কাজটি ঠিকাদার সুষ্ঠুভাবে সম্পন্ন করে থাকলে বিধিমোতাবেক প্রাপ্য বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

(ট) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন।

| ক্রং নং | কার্যক্রম | সর্বমোট লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | অর্জিত লক্ষ্যমাত্রা (সেবাগ্রহীতা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র, ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ১৫,৩৩৬ জন | কার্যক্রম চলমান |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্রুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |

| | অন্যান্য সেবা সমূহ : |
|---|---|
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

সিদ্ধান্ত ঃ তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির লক্ষ্যমাত্রা পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার তথ্যকেন্দ্রের কাজের অগ্রগতি আরও বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই

(ঠ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান যে, ভাটিপাড়া ইউনিয়নের মধুরাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শণ করে বর্তমান অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। তিনি বলেন এলাকাবাসির দির্ঘ্য দিনের দাবি হচ্ছে তাদের বিদ্যালয়ের বাউন্ডারি দেওয়াল নির্মাণ করে দেয়ার। যদি পিডিপি-৩ প্রকল্প হতে মধুরাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণের সুযোগ থাকে তা হলে অগ্রাধিকার ভিত্তিতে এই বিদ্যালয়টি নির্বাচন করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাইকে অনুরোধ জানান। যদি পিডিপি-৩ প্রকল্প হতে মধুরাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণের সুযোগ না থাকে তা হলে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী

| | | |
|---|---|---|
| | (এডিপি) হতে এই বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণের প্রকল্পটি উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানান। এছাড়াও তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করে জানান অত্র উপজেলায় প্রাপ্ত বরাদ্দের সবগুলো গৃহই যেন বীর মুক্তিযোদ্ধাদের জন্য নির্মাণ করা যায় সেই বিষয়ে দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। বিষয়টি বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> ভাটিপাড়া ইউনিয়নের মধুরাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারি দেওয়াল নির্মাণ কাজ যদি পিডিপি-৩ প্রকল্প হতে বাস্তবায়ন করা সম্ভব না হয় তা হলে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে এই বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণের প্রকল্পটি উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানানো হয়।<br><br>২। বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রাপ্ত গৃহ গুলো যাতে সবকটি বাস্তবায়ন করা যায় সেই জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | অফিসার, দিরাই |
| | (ড) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধিন সেমিপাকা ভবনের একটি ফ্লেটের বাথরুম মেরামত এবং বাথরুমের জন্য ১টি নতুন দরজাক্রয়, রান্নাঘর মেরামত এবং রান্নাঘরের জন্য ১টি নতুন দরজাক্রয় এবং ১টি দরজা মেরামত এবং ঘর রং করা বাবদ- ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের মালিকানাধিন সেমিপাকা ভবনের একটি ফ্লেটের সমুদয় মেরামত কাজে ব্যয়িত ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত)টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঢ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বাবদ-৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বাবদ ব্যয়িত-৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ণ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার মেরামত বাবদ- ৮,৭২০/- (আট হাজার সাতশত বিশ) টাকা ব্যয় হয়েছে। তা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার মেরামত বাবদ ব্যয়িত- ৮,৭২০/- (আট হাজার সাতশত বিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ত) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপিয়ার মেশিনটি প্রায় দুই বছর যাবৎ নষ্ট হয়ে আছে যা মেরামত করা প্রয়োজন। উক্ত মেশিনের যাবতিয় মেরামত কাজ করতে প্রায় ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হবে মর্মে স্থানীয় মেশিন মেরামত কারি ইঞ্জিনিয়ার জানান। ব্যয়িত সমুদয় টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত ফটোকপিয়ার মেশিনের যাবতিয় মেরামত কাজে সবোর্চ্চ- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকার মধ্যে মেরামত করানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (থ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্ল্যাটেন একটি হাই কমেট স্থাপন ও আনুষাঙ্গিক কাজে সর্বমোট- ১৫,০০০/- (পনের হাজার) টাকা ব্যয় হয়েছে এবং একই ভবনের উপরের তলা পশ্চিম পার্শ্বের ফ্ল্যাটে একটি হাই কমেট স্থাপন ও আনুষাঙ্গিক কাজে আরও সর্বমোট- ১৫,০০০/- (পনের হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি আরও জানান যে চন্দ্রমল্লিকা ভবনের পূর্বপার্শ্বে উপরের তলার রান্নঘরের দরজা-জানালা এবং অন্যান্য মেরামত বাবদ- ১৫,০০০/- (পনের হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত ০৩টি বিলের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্ল্যাটেন একটি হাই কমেট স্থাপন ও আনুষাঙ্গিক কাজে ব্যয়িত সর্বমোট- ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং একই ভবনের উপরের তলা পশ্চিম পার্শ্বের ফ্ল্যাটে একটি হাই কমেট স্থাপন ও আনুষাঙ্গিক কাজে ব্যয়িত সর্বমোট- ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং চন্দ্রমল্লিকা ভবনের পূর্বপার্শ্বে উপরের তলার রান্নঘরের দরজা-জানালা এবং অন্যান্য মেরামত বাবদ- ১৫,০০০/- (পনের হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১১। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>১৫। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৭। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১৮। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>০৭। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৫। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | (দ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারের কালার প্রিন্টারটি বিকল হয়ে যাওয়ায় নতুন একটি প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। কালার প্রিন্টার ক্রয় করতে প্রায়- ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা প্রয়োজন মর্মে স্থানীয় প্রতিষ্ঠান হতে জানা যায়। ব্যয়িত সমুদয় টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটারের জন্য একটি কালার প্রিন্টার ক্রয় বাবদ- ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ধ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির জন্য ০১টি টায়ার ক্রয় বাবদ- ১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত ১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ির জন্য ০১টি টায়ার ক্রয় বাবদ ব্যয়িত- ১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২১

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৪৬(৫০)

তারিখ ঃ ২৭/১০/২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

২৭.১০.২১

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।